# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৪৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৫০]

পর্ব-১৮: ভয়কালীন সালাত (كتاب صلاة الخوف)

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، وَمُحَمَّدُ بْنُ بَشَّارٍ، عَنْ مُحَمَّدٍ، قال: حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ مَنْصُورٍ، قال: سَمِعْتُ مُجَاهِدًا يُحَدِّثُ، عَنْ أَبِي عَيَّاشٍ الزُّرَقِيِّ، قال شُعْبَةُ: كَتَبَ بِهِ إِلَيَّ وَقَرَأْتُهُ عَلَيْهِ وَسَمِعْتُهُ مِنْهُ يُحَدِّثُ وَلَكِنِّي حَفِظْتُهُ، قال ابْنُ بَشَّارٍ فِي حَدِيثِهِ: حِفْظِي مِنَ الْكِتَابِ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ مُصَافَّ الْعَدُوِّ بِعُسْفَانَ وَعَلَى الْمُشْرِكِينَ خَالِدُ بْنُ الْوَلِيدِ، فَصَلَّى بِهِمُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الظُّهْرَ، قَالَ الْمُشْرِكُونَ: إِنَّ لَهُمْ صَلَاةً بَعْدَ هَذِهِ هِيَ أَحَبُّ إِلَيْهِمْ مِنْ أَمْوَالِهِمْ وَأَبْنَائِهِمْ فَصَلَّى بِهِمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعَصْرَ فَصَفَّهُمْ صَفَّيْنِ خَلْفَهُ فَرَكَعَ بِهِمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَمِيعًا، فَلَمَّا رَفَعُوا رُءُوسَهُمْ سَجَدَ بِالصَّفِّ الَّذِي يَلِيهِ وَقَامَ الْآخَرُونَ فَلَمَّا رَفَعُوا رُءُوسَهُمْ مِنَ السُّجُودِ سَجَدَ الصَّفُّ الْمُؤَخَّرُ بِرُكُوعِهِمْ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، ثُمَّ تَأَخَّرَ الصَّفُّ الْمُقَدَّمُ وَتَقَدَّمَ الصَّفُّ الْمُؤَخَّرُ، فَقَامَ كُلُّ وَاحِدٍ مِنْهُمْ فِي مَقَامِ صَاحِبِهِ، ثُمَّ رَكَعَ بِهِمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَمِيعًا، فَلَمَّا رَفَعُوا رُءُوسَهُمْ مِنَ الرُّكُوعِ سَجَدَ الصَّفُّ الَّذِي يَلِيهِ وَقَامَ الْآخَرُونَ، فَلَمَّا فَرَغُوا مِنْ سُجُودِهِمْ سَجَدَ الْآخَرُونَ، ثُمَّ سَلَّمَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِمِ .

تخريج دارالدعوه: سنن ابی داود/الصلاة ٢٨١ (١٢٣٦)، (تحفة الأشراف: ٣٧٨٤)، مسند احمد ٤/٥٩، ٦٠ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1550 ـ صحيح

বাংলা

১৫৪৯. মুহাম্মাদ ইবনুল মুসান্না ও মুহাম্মাদ ইবনু বাশার (রহ.) ..... ইবনু বাশশার (রহ.) তাঁর হাদীসে বলেন, আমার কিতাব হতে মুখস্থ রয়েছে যে, নবী (সা.) শত্রুর মুখোমুখি ‘উসফান নামক স্থানে কাতারবন্দী অবস্থায় ছিলেন। আর মুশরিকদের নেতৃত্বে ছিল খালিদ ইবনু ওয়ালীদ। তখন নবী (সা.) তাঁদের নিয়ে যুহরের সালাত আদায় করলেন। মুশরিকরা বলল, নিশ্চয় তাদের জন্যে এ সালাতের পরে এমন একটি সালাত (আসর) রয়েছে, যা তাদের কাছে তাদের সহায়-সম্পদ এবং তাদের সন্তান-সন্ততি থেকেও অধিক প্রিয়। অতঃপর রসূলুল্লাহ (সা.) তাঁদের নিয়ে ‘আসরের সালাত আদায় করলেন। তিনি তার পিছনে তাদের দু'টি কাতার করলেন এবং তাদের সবাইকে নিয়ে রুকূ করলেন, যখন তারা তাদের মাথা উঠালেন, তখন রসূলুল্লাহ (সা.) ঐ কাতার নিয়ে সাজদাহ্ করলেন যা তাঁর কাছে ছিল এবং অন্যরা দাঁড়িয়ে রইল। আর যখন তারা তাদের সাজদাহ্ থেকে অবসর হয়ে মাথা উঠালো তখন পিছনের সারির লোকেরা যারা রসূলুল্লাহ (সা.) -এর সাথে রুকূ' করেছিল তারা সাজদাহ্ করল। অতঃপর মাঝের সারির লোকেরা পিছনে সরে গেলো এবং পিছনের সারির লোকেরা সামনে এগিয়ে এলো। এভাবে প্রত্যেক সারির লোকেরা তাদের সঙ্গীর স্থানে দাঁড়ালো। অতঃপর রসূলুল্লাহ (সা.) তাদের সবাইকে নিয়ে রুকূ করলেন। যখন তারা রুকূ হতে মাথা উঠালেন তখন রসূলের নিকটের সারির লোকেরা সাজদাহ করলো। যখন তারা সাজদাহ থেকে অবসর হলো তখন পিছনের সারির লোকেরা সাজদাহ্ করল। অতঃপর নবী (সা.) সালাম ফিরালেন।

## English

Shu'bah narrated from Mansur who said: I heard Mujahid narrating from Abu Ayyash Az-Zuraqi - Shu'bah said: He had written it for me, and I read it before him, and I heard him narrating it; rather, I even memorized it. Ibn Bashshar said: I memorized it from the book - The Prophet (ﷺ) was drawing up ranks facing the enemy in 'Usfan when the idolaters were led by Khalid bin Al-Walid. The Prophet (ﷺ) led them in praying Zuhr. The idolaters said: 'They have a prayer after this that is dearer to them than their wealth and sons.' Then the Messenger of Allah (ﷺ) led them in praying 'Asr. He divided them into two rows, behind him. He led them all in bowing, then when they raised their heads he led the row that was closest to him in prostrating, while the others remained standing. When they raised their heads from prostration, the second row prostrated, as they had already bowed with the Messenger of Allah (ﷺ). Then the front row moved forward, so each of them took the place of his companion. Then the Messenger of Allah (ﷺ) led them all in bowing, then when they raised their heads from bowing, the row that was closest to him prostrated while the others remained standing, then when they had finished prostrating, the others prostrated, then the Prophet (ﷺ) said the taslim for all of them together.

## ফুটনোট

সহীহ: আবু দাউদ ১২৩৬, মুসনাদে আহমাদ ১৬৬৩১, সহীহ আবু দাউদ ১১২১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90045

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন